তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ৯৭/২০১৬

অভিযোগকারী ঃ	জনাব আলাউদ্দিন আল মাছুম পিতা-মরহুম মোঃ ইয়াকুব আলী ৬২৪/২ ইব্রাহিমপুর, থানা-কাফরুল ঢাকা। ।	**প্রতিপক্ষ ঃ**	জনাব তৌহিদ এলাহী সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ।

সিদ্ধান্তপত্র

(তারিখ ঃ ১৮-০৭-২০১৬ ইং)

অভিযোগকারী ২৭-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব দিপ্তি ময়ী জামান, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১.ঢাকা জেলার প্রশাসকের এল, এ শাখায় কর্মরত ও কর্মচারিদের জুলাই ২০১১ এর হাজিরা খাতা বাস্তবে নষ্ট হয়েছে কিনা। বিনষ্ট হয়ে থাকলে বিনষ্ট করার অফিস আদেশ/প্রয়োজনীয় আদেশ বিজ্ঞপ্তি সহ উক্ত বিনষ্ট অনুষ্ঠানে নিয়োজিত/নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারিদের নাম পদবী সহ প্রয়োজনীয় কাগজ পত্রের মূল কপির সত্যায়িত ফটোকপি; এবং

২.গত ১০ বৎসরের এল, এ শাখার যে সমস্ত রেকর্ড পত্র বিনষ্ট করা হয়েছে তার তালিকা; এবং

৩.বিনষ্টকৃত রেকর্ড পত্রাদি যে পন্থায়/ অফিস আদেশের মাধ্যমে বিনষ্ট করা হয়েছে তার অফিস আদেশ সহ এতদসংক্রান্ত প্রয়োজনীয় আদেশ/সিদ্ধান্তের সত্যায়িত ফটোকপি।

২। আবেদনের প্রেক্ষিতে সহকারী কমিশনার (তথ্য ও অভিযোগ শাখা) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ১৩-০১-২০১৬ তারিখের স্মারক নং-০৫.৪১.২৬০০.০১৯.১৬.০০১.১৫-০৫ এর মাধ্যমে অভিযোগকারীকে তথ্য সরবরাহে অপারগতার নোটিশ প্রদান করেন। অপারগতার নোটিশে অভিযোগকারীর যাচিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭(চ) অনুযায়ী প্রদানযোগ্য নয় মর্মে উল্লেখ করা হয়েছে। প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৮-০২-২০১৬ তারিখে জনাব মোঃ জিল্লার রহমান, বিভাগীয় কমিশনার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পর আপীল কর্তৃপক্ষ (আরটিআই) অভিযোগকারীকে বিধি মোতাবেক তার চাহিত তথ্য সরবরাহের জন্য জেলা প্রশাসক, ঢাকা-কে নির্দেশ প্রদান করেন। আপীল কর্তৃপক্ষের তথ্য সরবরাহের নির্দেশ থাকা সত্ত্বেও অভিযোগকারী কোন তথ্য না পেয়ে ০৩-০৪-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৫-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। ধার্য ১৫-০৬-২০১৬ তারিখে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অধিকতর শুনানীর জন্য পরবর্তী ১৮-০৭-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৮-০৭-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী গরহাজির ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির ।

৫। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি । তবে প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, জনাব আলাউদ্দিন আল মাছুম কর্তৃক তথ্য অধিকার আইন, ২০০৯ আপীল মামলা নং ০৬/২০১৬, আপীল আবেদনের প্রেক্ষিতে গত ২৯-০২-২০১৬ তারিখ আপীল কর্তৃপক্ষ বিধি মোতাবেক তথ্য সরবরাহের নিমিত্ত আদেশ প্রদান করেন । গত ০৭ মার্চ ২০১৬ তারিখে তথ্য ও অভিযোগ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা কে পত্র প্রেরণ করা হয় । কিন্তু তথ্য পাওয়া যায় নি । অভিযোগের বিষয়টি ভূমি অধিগ্রহণ শাখা সংক্রান্ত। জনাব আয়েশা হক, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা জবাবসহ শুনানীতে হাজির আছেন ।

৬। জনাব তৌহিদ এলাহী, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়,ঢাকা সংশ্লিষ্ট বিষয়ে বক্তব্য উপস্থাপনের জন্য জনাব আয়েশা হক, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর জন্য কমিশনের নিকট অনুমতি প্রার্থনা করেন ।

৭। কমিশন কর্তৃক অনুমোদন প্রদান করা হলে জনাব আয়েশা হক, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, চাহিত তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়ে সংরক্ষিত না থাকায় অভিযোগকারীকে সরবরাহ করা সম্ভব নয় । তিনি আরো বলেন যে, অত্র কার্যালয়ে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে দলিল দস্তাবেজ সংরক্ষণ করা হয় নি বিধায় অফিস আদেশের মাধ্যমে দলিল দস্তাবেজ বিনষ্ট করা হয় নি এবং বিনষ্ট করার জন্য কোন সূচি বা তালিকা প্রস্তুত করা হয় নি । তবে বর্তমানে অত্র কার্যালয়ে যথাযথ প্রক্রিয়ায় রেকর্ড সংরক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে ।

পর্যালোচনা

প্রতিপক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদি ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ে যথাযথ প্রক্রিয়ায় সংরক্ষণ করা হয় নি মর্মে ভূমি অধিগ্রহণ কর্মকর্তার বক্তব্য থেকে জানা যায়। অধিকতর পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, অভিযোগকারীর যাচিত তথ্যাদির সময়কাল ২০১১ সালের জুলাই মাসের সাথে সম্পর্কিত হওয়ায় তা বিনষ্ট করার জন্য জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে নি যা দায়িত্ব পালনে অবহেলার সামিল। এমতাবস্থায়, জেলা প্রশাসক, ঢাকা কে তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা প্রবিধানমালা, ২০১০ এর বিধান অনুযায়ী যথাযথভাবে তথ্য সংরক্ষণ করার বিষয়ে আরো সচেষ্ট থাকার এবং তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৫(১১) (ক) (ঈ) অনুযায়ী তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে কর্তৃপক্ষের পালনীয় পদ্ধতিতে প্রয়োজনীয় পরিবর্তন আনয়নের নির্দেশনা প্রদান করা প্রয়োজন মর্মে তথ্য কমিশন অভিমত ব্যক্ত করে । অন্যদিকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অভিযোগকারীকে তথ্য সরবরাহের অপারগতার কারণসহ জানিয়ে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান পূর্বক অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে মনে করে।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। অভিযোগকারীর যাচিত তথ্য যথাযথ প্রক্রিয়ায় সংরক্ষণ না করায় সহায়ক কর্মকর্তা হিসেবে সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা কে সতর্ক করা হলো এবং তথ্য প্রদানে অপারগতার কারণ যথাযথ ব্যাখ্যা সহকারে সহায়ক কর্মকর্তার নিকট থেকে সংগ্রহ করে অভিযোগকারীকে অবগত করার জন্য জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী কমিশনার জনাব তৌহিদ এলাহী কে নির্দেশনা দেয়া হলো ।

২। একইসাথে জেলা প্রশাসক, ঢাকা কে তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা ২০১০ অনুসরণে যথাযথ প্রক্রিয়ায় তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা আরো উন্নত করার ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়া হলো ।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	**স্বাক্ষরিত**	**স্বাক্ষরিত**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার